কোটচাঁদপুরে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে অনুষ্ঠানের উদ্বোধন করেন কলেজের প্রধান অতিথি ও উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) শরিফুজ্জামান তুুহিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠাতা এডহক কমিটির সদস্য কামরুন্নাহার, বিশিষ্ট শিক্ষানুরাগী ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ উদ্দীন বুলবুল সিডল,এডহক কমিটি বিদ্যোৎসাহী সদস্য রবিউল ইসলাম।

এ ছাড়া উপস্থিত ছিলেন অত্র কলেজের প্রভাষক সাইফুল ইসলাম মিন্টু, জাহাঙ্গীর হোসেন,নজরুল ইসলাম মিন্টু, সাইদুর রহমান, শহিদুল ইসলাম, মমতাজুর রহমান, সাংবাদিক মঈন উদ্দিন খান, জামাল সরদার ।

উদ্বোধনের আগে অনুষ্ঠিত হয় দলীয় নিত্য ও আলোচনা সভা। এরপর অতিথিবৃন্দ উদ্বোধন করেন বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক হাসিনা ফেরদৌস।

মেহেরপুরের রাইপুর সঃ প্রাঃ বিদ্যালয়ে শিশুবরণ

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ ও বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশে রূপান্তরের লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলার রাইপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিশুবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর উদ্যোগে এবং গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক বেলকিস আরার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা প্রতিনিধি আয়ুব আলী। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রাখো। তিনি তার বক্তব্যে কোমলমতি শিক্ষার্থীদের প্রতি যত্নশীল হওয়ার আহ্বান জানান এবং মেয়েদের শিক্ষা থেকে বঞ্চিত করার প্রবণতা, বাল্যবিবাহ, শিশু শ্রমসহ বিভিন্ন সামাজিক সমস্যা তুলে ধরেন। তিনি বলেন, “শিক্ষাই দেশ ও সমাজকে এগিয়ে নিয়ে যেতে পারে। আমাদের এই কোমলমতি শিক্ষার্থীরাই জাতির ভবিষ্যৎ, তাই তাদের সঠিক পরিচর্যা করা প্রয়োজন।”

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ওয়াচ সদস্য এবং অভিভাবকগণ বক্তব্য রাখেন। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি ও নৃত্য পরিবেশনার মাধ্যমে নতুন শিক্ষার্থীদের বরণ করে নেয়। পাশাপাশি, শিক্ষার্থীদের হাতে উপহার হিসেবে শিক্ষা উপকরণ তুলে দেওয়া হয়। প্রাথমিক বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে মানবাধিকারভিত্তিক প্রতিষ্ঠান মউক দীর্ঘদিন ধরে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রাখো এবং সার্বিক দায়িত্ব পালন করেন প্রোগ্রাম অফিসার আশিক বাল্লাহ।

মেহেরপুরে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে মূল্যবোধের অবক্ষয়, জঙ্গিবাদ ও মাদকাসক্ত এবং শিশু নির্যাতনের বিরুদ্ধে সংস্কৃতি শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

২০২৪ এর আয়োজন করা হয়েছে।

জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে বুধবার (৩ জুলাই) বিকেলে ৫ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।এছাড়াও এসময় পুলিশ সুপার এস এম নাজমুল হক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শামীম ভূঁইয়া, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, জান্নাতুল ফেরদৌস, নাসরিন সুলতানা, শেখ তৌহিদুল কবীর, বিজ্ঞ পিপি পল্লব ভট্টাচার্য, জেলা শিল্পকলা একাডেমী সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এ সময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পবৃন্দ সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে দর্শকের মন জয় করে।

মেহেরপুরে সাংস্কৃতিক ও ক্রীড়াতে অবদান রাখা ২৫ জন সংবর্ধিত

অরণি চিলড্রেন্স থিয়েটারের উদ্যোগে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে ‘শিশুর জন্য নিরাপদ মাতৃভূমি গড়ার প্রত্যয়’ এই স্লোগান সামনে নিয়ে শিশু-কিশোরদের সাংস্কৃতি চর্চায় অনুপ্রাণিত করতে শিশু-কিশোর সঙ্গীত শিল্পীদের নিয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক ও শুভেচ্ছা সন্ধ্যার আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে শিশু কিশোর সংগীত শিল্পীদের অংশগ্রহণে মনোজ্ঞ এক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অতঃপর কৃতি সংস্কৃতিক শিল্পী ও ক্রীড়াঙ্গনে অবদান রাখা শিশু-কিশোরদের হাতে সম্মাননা স্মারক

হাতে তুলে দেয়া হয়।

সাংস্কৃতিক ও শুভেচ্ছা সন্ধ্যায় মেহেরপুর জেলা থেকে আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে সংস্কৃতি ও ক্রীড়াতে পুরস্কারপ্রাপ্ত ৭ জনসহ মোট ২৫ জন শিল্পীর হাতে সম্মাননা স্মারক ও ক্রেস্ট তুলে দেওয়া হয়।

অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবেরের সঞ্চালনা এবং সাধারণ সম্পাদক আতিফ স্বপনের পরিকল্পনা ও পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে ছিলেন জেলা শিল্পকলা একাডেমীর সহ সভাপতি আলী রেজা,নুরুল আহমেদ সদস্য সুলতানা রাজিয়া, শাশ্বত, নিপ্পন, মাহবুবুল হক মন্টু প্রমুখ।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

“শোক থেকে শক্তির অভ্যুদয়, স্বপ্ন পূরণের দৃঢ় প্রত্যায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মৃধা মোঃ মোজাহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

এছাড়াও মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান বক্তব্য রাখেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন,বিজ্ঞ পি.পি পল্লব ভট্টাচার্য,গাংনী পৌর মেয়র আহাম্মদ আলী,জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমূখ।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দ সঙ্গীত, কবিতা, আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

হরিণাকুণ্ডুতে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু সরকারি লালন শাহ কলেজের দুই দিনব্যাপী বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ও আজ বুধবার কলেজ প্রাঙ্গণে এই প্রতিযোগিতা চলে। পরে বিকেলে বিজয়ী প্রতিযোগিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক শরিফুজ্জামান। প্রধান অতিথি হিসেবে ছিলেন কলেজের অধ্যক্ষ আতিয়ার রহমান। বিশেষ অতিথি ছিলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান অধ্যাপক আতাউর রহমান, দর্শন বিভাগের প্রধান অধ্যাপক আব্দুল ওয়াহেদ ও রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক নজরুল ইসলাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক আব্দুল্লাহ আল মামুন।

গাংনীতে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সাংস্কৃতি প্রতিযোগীতা

জাতীয় শিক্ষা সপ্তাহ-২২ উপলক্ষে বিভিন্ন বিষয়ে সাংস্কৃতি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (১৮ মে) সকাল ১০ টার সময় গাংনী অডিটরিয়ামে এ প্রতিযোগীতার আয়োজন করা হয়।
প্রতিযোগীতার উদ্বোধন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার।
প্রতিযোগীতার বিষয় ছিল কেরাত, হামদ নাত, বিতর্ক, রচনা, হাতের লেখা, কবিতা অঅবৃতি উপস্থিত বক্তৃতা, দেশাত্ববোধক গান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, উচ্চাঙ্গ সংগীত, লোক সংগীত, জারী গাস, উচ্চা্গং নৃত্য ও লোক নৃত্য।
গাংনী মাধ্যমিক শিক্ষা অফিস জাতীয় শিক্ষা সপ্তাহ-২২ অঅয়োজন করে। এসময় সহকারী মাধ্যমিক অফিসার মনিরুল ইসলাম,
অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমসহ বিভিন্ন স্কুলের শিক্ষক প্রতিনিধিবৃন্দ।
গাংনী উপজেলা সন্ধানী স্কুল এন্ড কলেজ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ, প্রি-ক্যাডেট মাধ্যমিক বিদ্যালয়, বামন্দী নিশিপুর এন্ড কলেজ, বাওট সোলাইমানীয় মাধ্যমিক বিদ্যালয়, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এসব প্রতিযোগীতায় অংশ নেন।
এসব অনুষ্ঠানে বিচারকের দায়ীত্বে পালন করেন বাংলাদেশ টেলিভিশন ও রাজশাহী বেতারের শিল্পী গোলাম আম্বিয়া, খুলনা বেতারের শিল্পী মাহবুবা আক্তার বিউটি, সাংবাদিক আমিরুল ইসলাম, ও মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন।

মেহেরপুরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ননী গোপাল স্মরণে স্মরণসভা

মেহেরপুরে শিক্ষক ও সাংস্কৃতিক ব্যাক্তিত্ব, ভাষা সংগ্রামী ও মুক্তিযুদ্ধ সংগঠক প্রয়াত ননী গোপাল স্মরণে স্বরণসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সন্ধায় অরনণি থিয়েটার এ স্বরণসভার আয়োজন করে।

স্বরণসভায় বক্তব্য দেন, ননী গোপাল ভট্টাচার্যের বড় ছেলে কাজল ভট্টাচার্য, মেহেরপুর সরকারি কলেজের সাবেক উপাধাক্ষ অধ্যাপক হাসানুজ্জামান মালেক, জেলা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান, ওস্তাদ শামীম জাহাঙ্গীর সেন্টু, অবসর এর সভাপতি জানে আলম, মৃত্তিকা গ্রুপ থিয়েটারের সভাপতি মানিক হোসেন, সাহিত্য পরিষদের সভাপতি নুর আলম, অরনি থিয়েটারের সাধারণ সম্পাদক আতিক স্বপন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অরনি থিয়েটারের সভাপতি নিশান সাবের।

উল্লেখ্য, গত ২৭ জুন শনিবার বিকাল ৫টা ১০ মিনিটে তিনি বার্ধক্যজনিত কারণে নিজ শহরের হোটেলবাজারস্থ নিজ বাসভবনে পরলোকগমন করেন।